দৈনিক ইনকিলাব

তারিখ 18 NOV 1988
পৃষ্ঠা ... ... ... ৮ কলাম ১ ... ...

008

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ১ কোটি ২৩ লাখ ফ্রি বই বিতরণ করা হবে

ময়মনসিংহ, ১৭ নভেম্বর (সংবাদদাতা)।— আগামী ১৯৮৯ শিক্ষাবর্ষে সারাদেশে প্রাথমিক বিদ্যালয়ের ১ কোটি ২৩ লাখ ছাত্র-ছাত্রীর মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে।

জানা গেছে, ১৯৮৯ সালের জানুয়ারী মাসের প্রথম সপ্তাহ থেকে বই বিতরণ শুরু হবে। ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মাঝে এই বই বিতরণ করা হবে। ময়মনসিংহ জেলার বিভিন্ন উপজেলার চাহিদা অনুযায়ী পুস্তক পাঠানো শুরু করা হয়েছে। এর মধ্যে ১ম শ্রেণীতে ৩৭ লাখ ৪ হাজার সেট, দ্বিতীয় শ্রেণীতে ২৮ লাখ ৬ হাজার সেট, তৃতীয় শ্রেণীতে ২৪ লাখ ২ হাজার সেট, চতুর্থ শ্রেণীতে ১৮ ল[illegible] হাজার এবং ৫ম শ্রেণীতে ১৪ লাখ ৬ হাজার সেট এবং শিশু শ্রেণীর জন্য ১৭ লাখ ৬ হাজার সেট বই বিনামূল্যে বিতরণের জন্য সরবরাহ করা হবে।